



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

৩০ ডিসেম্বর ২০২১



বাউবিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহ সন্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে আজ বৃহস্পতিবার ৩০ ডিসেম্বর দুপুর ২.০০ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক, এমপি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন গাজীপুর-৫ আসনের সংসদ সদস্য, আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মেহের আফরোজ চুমকি। বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন বাউবি'র কোষাধ্যক্ষ অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, আস্থায়কের বক্তব্য রাখেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন (শিক্ষা) ও শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু।

প্রধান অতিথি এডভোকেট আ ক ম মোজাম্মেল হক বলেন, আমাদের কোমলমতি শিক্ষার্থীদের পাঠ্যসূচিতে পরিবর্তন আনা দরকার। শুধু মুক্তিযুদ্ধের গৌরবাজ্জল ইতিহাস নয় পাশাপাশি হানাদার, আলবদর বাহিনীর নির্মম বর্বর কর্মকাণ্ডের চিত্র তুলে ধরতে হবে পাঠ্যসূচিতে।

বিশেষ অতিথি মেহের আফরোজ চুমকি বলেন, বাঙালি জাতিসত্তার গৌরবময় ইতিহাস নিশ্চিহ্ন করতে যুগে যুগে ষড়যন্ত্র চালিয়েছে একটি অপশক্তি গোষ্ঠী। তাদের এই চক্রান্ত রুখে দিতে তিনি শিক্ষক শিক্ষার্থীসহ সকলের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নের মাধ্যমেই তাঁর প্রতি সঠিক সম্মান প্রদর্শন করা হবে। তিনি বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শনকে লালন করে সকলকে সততা ও নিষ্ঠার সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY


তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



এর আগে সকাল ১১ টায় বাউবি'র মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রর উদ্যোগে এক লোক বক্তৃতার আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞানদীপ্ত বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অর্থনীতিবিদ অধ্যাপক ড. আতিউর রহমান। আলোচনা সভা শেষে সন্ধ্যায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে বাউবি।


৩০.১১.২০২১

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)